বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(দেওয়ানী রিভিশন অধিক্ষেত্র)
উপস্থিতঃ

বিচারপতি জনাব মোঃ আশরাফুল কামাল

সিভিল রিভিশন নং ৪৫০/২০১৯

মোঃ মোফাজ্জল হোসেন ও অন্যান্য
----বিবাদী-প্রতিপক্ষ-দরখাস্তকারীগণ
-বনাম-
মোঃ মামুনুর রহমান ও অন্যান্য
----বাদী-আপীলকারী-প্রতিবাদীগণ

এ্যাডভোকেট রঞ্জিত কুমার ধর
......বিবাদী-প্রতিপক্ষ-দরখাস্তকারীগণ পক্ষে

এ্যাডভোকেট আবদুর রফিক
----১-৫, ৫৩-৫৪ নং বাদী-আপীলকারী-প্রতিবাদীগণ পক্ষে

শুনানীর তারিখঃ ০৯.০৫.২০২৪, ২৩.০৫.২০২৪
এবং রায় প্রদানের তারিখঃ ০৫.০৬.২০২৪।

বিচারপতি মোঃ আশরাফুল কামালঃ

বিবাদী-প্রতিপক্ষ-দরখাস্তকারীগণ কর্তৃক দেওয়ানী কার্যবিধির ধারা ১১৫ উপ-ধারা ১ মোতাবেক দরখাস্ত দাখিলের প্রেক্ষিতে অত্র বিভাগ কর্তৃক বিগত ইংরেজী ১২.০২.২০১৯ তারিখে নিম্নবর্ণিত উপায়ে অত্র রুলটি ইস্যু করা হয়েছিলঃ

*"Records be called for.*

*Let a rule be issued calling upon the opposite party Nos.1-5, 53 and 54 to show cause as to why the impugned judgment and decree dated 26.11.2018 (decree signed on 29.11.2018) passed by the learned District Judge, Joypurhat in Partition Appeal No. 24 of 2018 allowing the appeal on condition of remand, reversing the judgment and decree dated 29.03.2018 (decree signed on 04.04.2018) passed by the learned Senior Assistant Judge, Panchbibi, Joypurhat in Partition Suit No. 40 of 2009 dismissing the suit on contest should not be set aside and/or pass such other or further order or orders as to this Court may seem fit and proper.*

*The Rule is made returnable within 4 (four) weeks from date.*

*Pending hearing of the Rule, let operation of the impugned judgment and decree dated 26.11.2018 (decree signed on 29.11.2018) passed by the learned District Judge, Joypurhat in Partition Appeal No. 24 of 2018 allowing the appeal on condition on remand, reversing the judgment and decree dated 29.03.2018 (decree signed on 04.04.2018) passed by the learned Senior Assistant Judge, Panchbibi, Joypurhat in Partition Suit No. 40 of 2009 dismissing the suit on contest be stayed for a period of 06 (six) months from date.*

*The petitioner is directed to put in requisites for service of notices in usual course and through registered post."*

বিবাদী-প্রতিপক্ষ-দরখাস্তকারীগণ পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট রঞ্জিত কুমার ধর বিস্তারিকতভাবে যুক্তিতর্ক উপস্থান করেন। অপরদিকে, ১-৫, ৫৩-৫৪নং বিবাদী-প্রতিপক্ষ-প্রতিবাদীগণ পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট আবদুর রফিক বিস্তারিতভাবে যুক্তিতর্ক উপস্থাপন করেন।

অত্র সিভিল রিভিশন দরখাস্ত এবং নথী বিস্তারিতভাবে পর্যালোচনা করা হলো। উভয় পক্ষের বিজ্ঞ এ্যাডভোকেটগণ এর যুক্তিতর্ক শ্রবণ করা হলো।

**গুরুত্বপূর্ণ বিধায় সিনিয়র সহকারী জজ আদালত, পাঁচবিবি, জয়পুরহাট কর্তৃক বন্টন মোকদ্দমা নং ৪০/২০০৯-এ প্রদত্ত বিগত ইংরেজী ২৯.০৩.২০১৮ তারিখের রায় নিম্নে অবিকল অনুলিখন হলোঃ**

*"That the instant suit for declaration title and Partition decree has been filed by the plaintiffs against the defendants under section 42 of The Specific Relief Act, 1877 read with section 4 of the Partition Act by filing a plaint contending that the disputed land measuring 336 decimals as scheduled belonged to Rajmohan Majhi who died leaving behind two sons Lal Bihari Majhi and Buda Majhi who transferred that land o1 Sofiron Nissa on 4-4-1935 by a registered kabala deed 931 who while had been in possession and enjoyment transferred 133 decimals of land from plot no 270 out of 233 decimals of land on 3-7-78 by registered kabala deed no 6919 to Mamun and Mahfuz sons of*

*the plaintiff who thereafter transferred that land to Laili Bibi defendant no 55 on -3 9-09 by registered kabala deed no 4611. That Sofiron Nissa was a pardanashil lady and Moyezuddin was her caretaker on whom duty was to record the name of Sofiron Nissa in MRR khatian and after his death that duty was conferred upon his sons. After demise of Sofiron Nissa her husband and one daughter remained her successor and after demise of late husband her draughter inherited that 203 decimals of land. Plaintiff's sons came to icarn about that wrong record of MRR khatian on 8-2-09 by obtaining certified copy of the same. That 13 decimals of land out of 233 decimals of plot no 270 has been recorded in MRR khatian no 327 after the name of Sofiron Nissa and MRR khatian no 330 has been recorded in respect of 156 decimals of land in plot Nos.286,287, 373, 270 after the name of Moyezuddin father of the defendants. Accordingly, MRR khatian Nos. 328, 329. 326. 31 have been recorded after the name of Dosiruddin, Soleman, Kajemuddin, Amizuddin and Tomizuddin. In this consequence on refusal to partition the suit land plaintiff brought this suit. The suit has been challenged and contested by the defendant on 1-4 and others by filing written statements denying all the material averments made in the plaint contending inter alia by defendant Nos. 1-4, 2 that the suit is not maintainable and that the same is barred by law and limitation and contended further that the disputed land measuring 336 decimals as scheduled belonged to Rajmohon Majhi who died leaving behind two sons Lal Bihari Majhi and Buda Majhi who transferred that land to Sofiron Nissa on 4-4-1935 by a registered kabala deed 931who. while had been in possession and enjoyment transferred 2.23 acres of land from plot Nos 270,286, 373, 287 on 28 Magh, 1350 by way of cheque potton to*

*Moyezuddin Faqir father of the contesting defendants. But due to convenient possession and enjoyment he abandoned.67 acres of land from plot no 270 to Sofiron Nissa Chowdhury. Thus, MRR khatian No. 330 has been recorded and published after the name of Moyezuddin Faqir in respect of 1acres of land in plot no 270. 26 acres in plot no 286, 14 acres of land in plot no 287, 16 acres of land in plot no 376 which was known to Sofiron Nissa and Taheruddin Chowdhury. And thereafter MRR tenant Moyezuddin Faqir was in possession and enjoyment of the land for over a period of twelve years with due notice to all concerned and died Ieaving behind four son's defendant Nos 1-3 and Moklesar*

*Rahman and five daughters. who are possessing and enjoying the land in plot Nos 270 corresponding to hal plot no 689, 287 corresponding to hal plot no 723 and plot no 286 corresponding to hal plot-no 726 and thus DP khatian No. 522, 545 have been recorded and published after their name and thus the contesting defendants have been possessing and enjoying the land measuring 1.56 acres of land for about a period of 65 years That the contesting defendant No. 3 transferred 0.5 acres of land from plot No. 287 corresponding to hal plot No 723 to Md Ferdouse Mridha on 12-09- 2004- by way of registered kabala deed No. 7504 And thus prayed for dismissal of the suit.*

***Issues:***

*1 Is the suit maintainable in the present form and nature? 2 Whether the plaintiff party has title and possession over the suit land? 3 Is the suit bad for defective of parties and bad for hotchpotch? 4. Is"the plaintiff party entitled to get a preliminary decree of partition?*

*Discussion and decision: Both the parties tried to prove their respective cases by way of adducing documentary evidences and examining oral witnesses. Plaintiff party has examined three witnesses and the defendant party has examined three witnesses. Their submitted documents have been made exhibit. On perusal of the both documentary and oral evidence it appears that plaintiff party has adduced their contended documents vide exhibit Nos. 1-2 series and tried to establish their case. Contrarily defendants submitted documents vide exhibit Nos A-I and tried to establish their case. Main contention of the plaintiff party is that the disputed land measuring 36 decimals as scheduled belonged to Rajmohon Majhi who died leaving behind two sons Lal Bihari Majhi and Buda Majhi who transferred that land to Sofiron Nissa on 4-4-1935 by a registered kabala Deed 931 who while had been in possession and enjoyment transferred 13 decimals of land from plot no 270 out of 23 decimals of land on 3- 7-78 by registered kabala Deed No 6919 to Mamun and Mahfuz sons of the plaintiff who thereafter transferred that land to Laili Bibi defendant No.55 on 3-9-09 by registered kabala deed No. 4611. That Sofiron Nissa was a pardanshil lady and Moyezuddin was her caretaker on whom duty was to record the name of Sofiron Nissa in MRR khatian and after his death that duty was conferred upon his sons. After demise of Sofiron Nissa her husband and one daughter remained her successorand after demise of her husband her daughter inherited that 203 decimals of land. Plaintiff's sons came to learn about that wrong record of MRR khatian on 8-2-09 by obtaining certified copy of the same. That 133 decimals of land out of 233 decimals of plot no 270 has been recorded in MRR khatian no 327 after the name of Sofiron Nissa and MRR khatian no 330 has been recorded in respect of*

*156 decimals of land ni plot nos 286,287, 373, 270 after the name of. Moyezuddin father of the defendants. Accordingly, MRR khatian Nos 328, 329, 326, 331. have been recorded after the name of Dosiruddin, Soleman, Kajemuddin, Amizuddin and Tomizuddin as deposed by the PW1. He denied the suggestions put to him. He could not say whether RS khatian has been submitted or not. PW2 and PW3 deposed in support of the plaintiff in respect of possession of the suit land. They have denied the suggestions put to them. They could not say about the plot nos. Contrarily defendants contended that the disputed land measuring 336 decimals as-scheduled belonged to Rajmohon Majhi who died leaving behind two sons Lal Bihari Majhi and Buda Majhi who transferred that land to Sofiron Nissa on 4-4-1935 by a registered kabala deed 931who while had been in possession and enjoyment transferred. 2.23 acres of land from plot Nos 270,286, 373, 287 on 28 Magh, 1350 by way of cheque potton ot Moyezuddin Faqir father of the contesting defendants. But due to convenient possession and enjoyment, he abandoned 0.67 acres of land from plot No. 270 to Sofiron Nissa Chowdhury. Thus, MRR khatian no 330 has been recorded and published after the name of Moyezuddin Faqir in respect of 1acres of land in plot No 270, 0.26 acres in plot No. 286, 0.14 acres of land in plot No 287, 0.16 acres of land in plot No. 376 which was known to Sofiron Nissa and Taheruddin Chowdhury. And thereafter MRR tenant Moyezuddin Faqir was in possession and enjoyment of the land for over a period of twelve years with due notice to all concerned and died leaving behind four sons defendant Nos. 1-3 and Moklesar Rahman and five daughters who are possessing and enjoying the land in plot Nos. 270 corresponding to hal plot no 689, 287 corresponding to hal plot*

*No. 723 and plot no 286 corresponding to hal plot No. 726 and thus DP khatian No. 522, 545 have been recorded and published after their name and thus, the contesting defendants have been possessing and enjoying the land measuring 1.56 acres of land for about a period of 65 years That the contesting defendant no 3 transferred 05 acres of land from plot no 287 corresponding to hal plot no 723 to Md Ferdouse Mridha on 12-09- 2004 by way of registered kabala deed no 7504 as deposed by DW-1.*

*On perusing the evidence advanced by the plaintiff party it is evident that plaintiff's case mainly rely upon the proof of the fact that Moyezuddin was caretaker of Sofiron Nissa but no evidence has been proffered by the plaintiff party though the burden io prove the fact relies upon them under section 103 of the Evidence Act, 1872. Plaintiff's argument might be that SA or MRR khatian does not bear any statutory presumption of correctness and anybody relying upon MRR khatian has to prove that he has some other documents in support of the MRR khatian. In reality of this arena of the case it appears that defendants in support of their contention submitted Pottoni cheque vide exhibit Nos. A series and thereafter submitted DP khatian which indicate that they are in possession of the suit lang. Abstention from giving any evidence to prove any asserted fact by any party means the party asserting that fact is not in a favourable position as postulated by the provisions of section 114 of the Evidence-Act, 1872. In the instant case in hand plaintiff asserted the fact that Moyezuddin was caretaker of Sofiron Nissa but no evidence led by them. As between the parties CS khatian is admitted and earlier ownership by Sofiron Nissa of the suit land is also admitted. Plaintiff party ought to have set up a clear case of*

*possession also which is lacking in the instant suit by documentary evidence i.e. by rent receipts or some other documents as their claim of title also depends upon the proof or disproof of possession of the suit land as the history of possession and enjoyment of the suit land is a matter of more than sixty five of seventy years because of the fact that after CS khatian and kabala deed 931 dated 4-4-1935 no evidence of title and possession of the plaintiff party is in existence up to the period of RS record operation. For this long period plaintiff could not set up any explanation about their possession of the suit land. For arguments sake plaintiffs were in possession and enjoyment of the suit land for this period and they were not required to pay rents, they would easily got RS khatian or DP khatian. But in the instant case in hand, it appears that nothing happened regarding to this fact. In this circumstance plaintiff's' argument to have title and possession over the suit land is not tenable in the eye of law. Their claim is ousted by the defendants' proffered documents MR khatian, Pottoni cheque, RS DP khatian and certain other deeds as no objection has been raised by the plaintiff party in course of trial and hence the documents submitted by the defendants vide exhibit list A1- carry the preponderance of evidence in their side. In this backdrop of the case, I am of the view that plaintiff party's claim of title has been waived earlier by the doctrinal and practical approaches of law of conduct and jurisprudence. Hence, I am to decide that plaintiff party has no title and possession over the suit land and thus the issue no 2 is disposed of against the plaintiff party.*

*As it is settled that plaintiff party has no title and possession over the suit land other issues do not bear any*

*preponderance to be discussed at length as those issues are collateral issues bearing no value for favorable disposal in favour of the plaintiff party. Those issues are also disposed of against the plaintiff party for clear and convenient decision.*

*Court Fees Paid is proper.*

*Hence, It is hereby ordered that the suit is dismissed on contest.*

*No order as to cost.*

| | |
|---|---|
| *Gopal Chandra Roy* | *Gopal Chandra Roy* |
| *Senior Assistant Judge, Panchbibi* | *Senior Assistant Judge, Panchbibi* |
| *Joypurhat.* | *Joypurhat.* |

**গুরুত্বপূর্ণ বিধায় বিজ জেলা জজ, জয়পুরহাট কর্তৃক বন্টন আপীল মোকদ্দমা নং ২৪/২০১৮-এ প্রদত্ত বিগত ইংরেজী ২৬.১১.২০১৮ তারিখের রায় নিম্নে অবিকল অনুলিখন হলোঃ**

*"এই বন্টন আপীল মোকদ্দমাটি পাঁচবিবি সিনিয়র সহকারী জজ আদালতের ৪০/২০০৯ বন্টন মোকদ্দমায় প্রদত্ত বিগত ২৯-০৩-১৮ তারিখের রায় ও গত খ্রিঃ ০৪-০৪-১৮ তারিখের ডিক্রীর অসম্মতিতে আপীল্যান্ট কর্তৃক আনীত একটি বন্টন আপীল মোকদ্দমা।*

*আপীল্যান্ট-বাদী তার আপীলের মেমোতে উল্লেখ করেন যে, বিজ্ঞ নিম্ন আদালতের ইং ২৯-৩-১৮ তারিখের রায় ও ০৪-০৪-১৪ তারিখের ডিক্রী আইন সম্মত নহে। নালিশী সাকুল্য সম্পত্তি সফিরন নেছা ০৪-০৪- ৩৫ তারিখের দলিল মুলে ক্রয় সুত্রে মালিক তা উভয় পক্ষ স্বীকার করেন। সফিরন নেছার সম্পত্তির মধ্যে ১-৪/২২ নং প্রতিদ্বন্দ্বী বিবাদীর মৌরশ ময়েজ উদ্দিনের নামে আংশিক এম আর আর খতিয়ান প্রস্তুত হইয়াছে। ১-৪/২২ নং*

বিবাদী চেক মুলে পত্তন দাবী করলেও মালিক সফিরন নেছার নামীয় কোন চেক দাখিল করা হয় নাই। দাগ খতিয়ান বিহীন ভিন্ন নামীয় চেক ১-৪/২২ নং বিবাদী দাখিল করলেও তা পদ্ধতিগত ভাবে প্রমাণ হয় নাই। বিজ্ঞ নিম্ন আদালত তা বিবেচনায় নেন নাই। বাদী নালিশী সম্পত্তিতে তার স্বত্ব দখল মৌখিক ও দালিলিক স্বাক্ষ্য দ্বারা প্রমাণ করেন। নালিশী সম্পত্তিতে ১-৪/২২ নং বিবাদীর মালিকানার কোন উৎস বা মৌখিক কিংবা দালিলিক প্রমানাদি বিজ্ঞ নিম্ন আদালত বিবেচনায় আনেন নাই। বিজ্ঞ নিম্ন আদালত ১-৪/২২ নং বিবাদীর মৌরশ নামীয় ভিত্তিহীন রেকর্ডকে অযৌক্তিকভাবে ভিত্তি করিয়া ১-৪/২২ নং বিবাদীর দখল ও স্বত্ব কাল্পনিক ভাবে ধার্য করেন। আপীল্যান্ট বাদীর মামলার বক্তব্য ছিল বাদীর সম্পত্তি ভুল ভাবে ১- ৪/২২ নং বিবাদীর মৌরশ নামে এম আর আর রেকর্ড প্রস্তুত হয়। বাদীর কিছু সম্পত্তির রেকর্ড ১-৪/২২ নং বিবাদীর মৌরশ নামে ভুল ভাবে প্রস্তুত হয়েছে। বাদীর মামলা সর্বদায় ডিক্রীযোগ্য । ফলে অত্র বন্টন আপীল মোকদ্দমা।

<u>বিচার্য বিষয় ঃ</u>

১। পাঁচবিবি সিনিয়র সহকারী জজ আদালতের ৪০/২০০৯ নং বন্টন মোকদ্দমায় প্রদত্ত ইং২৯-৩-১৮ তারিখের রায় ও গত ৪-৪-১৮ তারিখের ডিক্রী আইনতঃ হস্তক্ষেপযোগ্য কি না এবং উহা আইনত বহালযোগ্য কিনা ?

**<u>আলোচনা ও সিদ্ধান্তঃ</u>**

মেমো অব আপীলের বক্তব্য বিজ্ঞ নিম্ন আদালতের তর্কিত রায় ও ডিক্রিসহ নথি পর্যালোচনা করা হলো। শুনানীকালে আপীলকারী পক্ষের বিজ্ঞ কৌসুলী উল্লেখ করেন যে, বিজ্ঞ নিম্ন আদালত সম্পূর্ণ ভ্রমাত্মকভাবে অত্র মামলাটি ডিসমিস করেছেন। সেখানে মূল মামলাটি ছিল একটি বাটোয়ারার মামলা এবং, বিবাদী পক্ষরাও প্রতিযোগিতা করেছেন এবং অনেকে ছাহামও প্রার্থনা করেছেন সেক্ষেত্রে পক্ষগণের স্টেটাস এক হওয়ায় মামলাটি ডিসমিস

করার সিদ্ধান্ত সঠিক হয়নি। এছাড়া নালিশী জমিতে বিবাদী রেসপনডেন্টএর স্বত্ব দখলও প্রমাণিত হয়নি কেননা শুধুমাত্র দাখিলা দ্বারা কারো স্বত্ব প্রমাণিত হয় না। পক্ষান্তরে প্রতিযোগী ১-৪/২২ নং বিবাদী পক্ষ (১-৪/১৮নং রিসপনডেন্ট) উল্লেখ করেন যে, নালিশী জমিতে বাদী আপীল্যান্ট পক্ষের-কোন দখল প্রমান হয়নি। দীর্ঘ ৪০/৫০ বৎসর ধরে বিবাদী রেসপনডেন্ট দখল করেন। বাদীর দখল প্রমাণিত হয় নাই বিধায় বিজ্ঞ নিম্ন আদালত মামলা ডিসমিস করেছেন। অত্র আপীল মামলার ৫৫ নং রেসপনডেন্ট শুনানীকালে উল্লেখ করেন যে, প্রকৃতপক্ষে নালিশী জমির ১৩৩ শতক তিনি মূল মালিক ছফুরা খাতুনের নাতীর নিকট থেকে খরিদ করে স্বত্ববান দখলকার রয়েছেন সেই দলিল অন্যান্য পক্ষগণ কর্তৃক স্বীকৃত। সেই দলিলভুক্ত সম্পত্তি ৫৫ নং বিবাদী দাবী করে জবাব দাখিল করেছেন। মূল মামলায় তার জবাব থাকা সত্ত্বেও তাকে প্রতিযোগিতা করার সুযোগ প্রদান করা হয়নি। তিনি তার যাবতীয় কাগজাদি উপস্থাপন করে তার বক্তব্য প্রদানের নিমিত্তে সুযোগ প্রার্থনা করেন। মামলাটি রিমান্ডে প্রেরণের জন্য প্রার্থনা করেন। আপীলকারী পক্ষ কোনরূপ আপত্তি প্রদান না করে উল্লেখ করেন মামলাটি রিমান্ডে প্রেরণ করা হলে কোন আপত্তি নেই। ১-৪/২২ নং বিবাদী পক্ষ উল্লেখ করেন যে, বিজ্ঞ নিম্ন আদালতের রায় ডিক্রী রদ রহিতযোগ্য নয়। উপরোক্ত অবস্থা পর্যালোচনার প্রেক্ষিতে দেখা যায় যে, মামলার আপীল্যান্ট ও ৫১ নং রেসপনডেন্ট মামলাটি রিমান্ডে প্রেরণের পক্ষে এবং প্রতিযোগী অন্যান্য বিবাদী নং ১-৪/২২ মামলাটিতে বিজ্ঞ নিম্ন আদালত প্রদত্ত রায় ডিক্রী বহালের পক্ষে বক্তব্য রাখেন।

স্বীকৃতমতে নালিশী জমি মূল মালিক ছফুরা বেগমের ছিল এবং ৫৫ নং বিবাদী ৪৬১১ নং দলিলে ১৩৩ শতক খরিদ করেন। সেক্ষেত্রে তার সম্পত্তি বাদ দিলে নালিশী দাগে যে জমি জমা থাকে তাই বাদী ও অন্যান্য বিবাদীর বিতর্কিত জমি জমা হওয়ার কথা কিন্তু প্রতিযোগী বিবাদী পক্ষ অনেক

বেশী জমি দাবী করেছেন মর্মে তিনি উল্লেখ করেন। জবাব পর্যালোচনায় দেখা যায় যে, বিবাদী তাদের জবাবের বক্তব্যে তদ্‌বিষয়ে সাক্ষ্য প্রমাণ উপস্থাপনেরও সুযোগ প্রার্থনা করেন। এছাড়া বিজ্ঞ নিম্ন আদালতে বাদী পক্ষ নালিশী জমিতে দীর্ঘ দিনের দখল বিষয়ে যথেষ্ঠ প্রমানাদি উপস্থাপন করতে সক্ষম হননি বিধায় নালিশী জমিতে তার দীর্ঘ দিনের দখল বিষয়ে সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করা প্রয়োজন মর্মেও শুনানীকালে উল্লেখকরা হয়। এমতাবস্থায় উপরোক্ত সার্বিক অবস্থা বিবেচনা করে অত্র মামলাটি ন্যায় বিচারের স্বাথে রিমান্ডে প্রেরনের সিদ্ধান্ত অধিকতর যুক্তিযুক্ত বলে আদালতের নিকট প্রতীয়মান হয়। সংগত কারণে বিজ্ঞ নিম্ন আদালতের রায় ডিক্রী রদ রহিতযোগ্য।

অতএব,

আদেশ হয় যে,

অত্র বন্টন আপীল মোকদ্দমটি দো-তরফা শুনানী অন্তে রিমান্ডের শর্তে মঞ্জুর করা হলো। বিজ্ঞ নিম্ন আদালতের ৪০/০৯ নং বন্টর মোকদ্দমায় প্রদত্ত গত ইং ২৯-৩-১৮ তারিখের রায় ও গত ০৪-৪-১৮ ইং তারিখের ডিক্রী রদ রহিত করা হলো। বিজ্ঞ নিম্ন আদালত নথি প্রাপ্তির পর পক্ষগণকে উপরোক্ত বিষয়ে সাক্ষ্য প্রমাণ উপস্থাপনের যথোপযুক্ত সুযোগ প্রদান করে আইনানুগ ভাবে মামলাটি নিস্পত্তি করবেন।

অত্র আদেশের অনুলিপিসহ নিম্ন আদালতের নথি প্রেরণ করা হোক।

আমার কথিত মতে লিখিত ও আমা কর্তৃক সংশোধিত।

| | |
|---|---|
| স্বা: অস্পষ্ট<br>(মমতাজ পারভিন) | স্বা: অস্পষ্ট<br>(মমতাজ পারভিন) |

*জেলা জজ, জয়পুরহাট জেলা জজ, জয়পুরহাট*　　　　*জেলা জজ, জয়পুরহাট জেলা জজ, জয়পুরহাট*

**গুরুত্বপূর্ণ বিধায় বাদী এবং বিবাদীপক্ষের সাক্ষীদের সাক্ষ্য এবং জেরা নিম্নে অবিকল অনুলিখন হলোঃ**

***P.W-1 মামুনুর রহমান***

*আমি মোকদ্দমার বাদী। নালিশী সম্পত্তির সি.এস খতিয়ান নং-২৫২। মোট পরিমাণ ৩৩৬ শতক। নালিশী সম্পত্তি সি.এস রাজ মোহন মাঝির সম্পত্তি ছিল। রাজ মোহন মারা গেলে তার ২ পুত্র বুদা মাঝি এবং লাল বিহারী মাঝি থাকেন। লাল মোহন দিং ৩৩৬ শতক সম্পত্তি শফিরন নেছার নিকট বিক্রয় করেন। লাল মোহন দিং বিগত ০৪/০৪/৩৫ তারিখে ৯৩১ নং দলিল মুলে সম্পত্তি বিক্রয় করেন। ছফিরন নেছার পরবর্তীতে ০৩/০৭/৭৮ তারিখে এর ৬৯১৯ নং দলিল মুলে ১৩৩ শতক সম্পত্তি। মামুন এবং মাহফুজের নিকট হস্তান্তর করেন। মামুন এবং মাহফুজ তাদের প্রাপ্ত ১৩৩ শতক সম্পত্তি বিগত ০৩/০৯/০৯ তারিখের ৪৬১১ নং দলিল মুলে ৫৫ নং বিবাদী নিকট বিক্রয় করেন। ছফিরন নেছা একটি সম্ভ্রান্ত ঘরের পর্দানশীল মহিলা ছিলেন। ছফিরন নেছার বিয়ে হলে তিনি দুরবর্তী স্বামীর সংসার থাকায় তিনি ১-৩ নং বিবাদী পিতা ময়েজ উদ্দীনকে নালিশী সম্পত্তি দেখা শোনার জন্য কেয়ারটেকার নিযুক্ত করেন। নালিশী সম্পত্তির এফ.আর.আর এবং আর.এস রেকর্ড তৈরীর দায়িত্ব ময়েজ উদ্দীনের নিকট থাকে। ছফিরন বেগম ২০৩ শতক সম্পত্তিতে ভোগ দখলীকার থাকাকালে মারা গেলে তার এক কন্যা বাদী রাহেলা এবং স্বামী তাহের উদ্দীন হোসেন। তাহের উদ্দীন মারা গেলে তার কন্যা রাহেলা থাকে। রাহেলা আমার মা হন। আমি মায়ের পক্ষে স্বাক্ষ্য দিচ্ছি। আমার মায়ের পক্ষে ১-৩ বিবাদীর পিতা ময়েজ উদ্দীন খাজনা প্রদান করিতেন। আমি বিগত ০২/০২/০৯ তাং নালিশী সম্পত্তির খাজনা দিতে গেলে নালিশী সম্পত্তি এম.আর.আর এবং আর.এস খতিয়ান বিবাদীগণের নামে হয়েছে মর্মে জানতে পারি। নালিশী ২৭০ নং দাগের ২৩৩ শতকের স্থলে ১.৩৩ একর সম্পত্তি বাবদে ছফিরন নেছার নামে আর.এস খতিয়ান হয়েছে মর্মে জানতে পারি।*

*অসমাপ্ত ১৫/১০/১২ ইং*

*পুনঃজবানবন্দী ৩১/১০/১২ ইং*

*তারপর আমরা ০৮/০২/০৯ তাং নালিশী সম্পত্তির খতিয়ান এর জাবেদা কপি তুলে জ্ঞাত হতে পারি। ১-৩ নং বিবাদীর পিতার নামে ১৫৬ শতক সম্পত্তি বাবদে ৩৩০ নং এম.আর.আর খতিয়ান হয়েছে মর্মে জানতে পারি। তাছাড়া আমেজ এবং তমিজের নামে ২১ শতক বাবদে ৩৩১ নং এম.আর.আরর খতিয়ান হয়েছে মর্মে জানতে পারি। ৫-৭ নং বিবাদী মৌরশের নামে ৬ শতক সম্পত্তি বাবদে ৩২৮*

নং, ৮-১০ নং বিবাদীর মৌরশের নামে ৪ শতক সম্পত্তি বাবদে ৩২৯ নং, ১১-২০ নং বিবাদীর মৌরশের নামে ১৬ শতক সম্পত্তি বাবদে ৩২৬ নং এম. আর.আর খতিয়ান ভ্রমাত্মক ভাবে হয় মর্মে জানতে পারি। উক্ত খতিয়ানগুলি ছফিরন নেছার নামে প্রস্তুত হওয়া উচিৎ ছিল। বিবাদীদের নামীয় ভ্রমাত্মক খতিয়ানমুলে তারা কোন স্বত্ব, স্বার্থ অর্জন করেন নি। বাদীনি পক্ষে বর্গা দিয়ে নালিশী সম্পত্তি ভোগদখল করেন। বাদীনির পক্ষে তার পুত্র মাহফুজুর রহমান তথা আমি নালিশী সম্পত্তি দেখা শোনা করি। বিবাদীপক্ষ ১০/০২/০৯ তারিখে ভ্রমাত্মক খতিয়ান মুলে নালিশী সম্পত্তি দাবী কনে। ( অসমাপ্ত ৩১/১০/১২ ইং)

পুনঃ জবানবন্দী ১০/০২/১৩ ইং

ভুল এম.আর.আর বিষয়ে ০৮/০২/০৯ ইং তারিখে জাবেদা নকল তুলে আমি জানতে পারি। এর পূর্বে এ বিষয়ে আমার মাতা বা আমি জানতাম না। ১০/০২/০৯ ইং তারিখে অত্র মামলার ৫৫ নং বিবাদীর নিকট বন্টন চাইলে সে বন্টন করে দিতে অস্বীকার করে। বাদী আমি ২০৩ শতক সম্পত্তিতে স্বত্ববান ও দখলীকার আছি। আমি ২০৩ শতক সম্পত্তি বাবদে বন্টনের ডিক্রি প্রার্থনা করছি। ০৮/০২/০৯ ইং তারিখের পূর্বে তহশীল অফিসে গিয়ে ০২/০২/০৯ ইং তারিখে খোঁজ নিয়ে ভ্রমাত্মক এম.আর.আর খতিয়ানের কথা জানতে পারি।

বিবাদীগণের জবাব মতে স্বত্ববান ও দখলীকার থাকাবস্থায় মুলধনী ছফিরন নেছা ১-৪ নং বিবাদীগণের পিতা ময়েজ উদ্দীন বরাবর নালিশী ২৭০ দাগের ২৩৩ শতকের এর কাত ১৬৭ শতক সম্পত্তি, ২৮৬ দাগের ২৬ শতক, ৩৭৬ দাগে ১৬ শতক, ২৮৭ দাগের ১৪ শতক, সর্ব মোট ২২৩ শতক সম্পত্তি পত্তন মুলে প্রদান করে এ কথা সত্য নয়। জবাব মতে এভাবে প্রাপ্ত হয়ে ময়েজ উদ্দীন ছফিরন নেছা বরাবর খাজনা দিয়া নালিশী সম্পত্তি দখল ভোগ করত, একথা সত্য নয়। জবাবমতে ময়েজ উদ্দীন ২৭০ দাগের ১৬৭ শতকের কাতে ৬৭ শতক সম্পত্তি ছফিরন নেছা বরাবর পরবর্তীতে পরিত্যাগ করে এ কথা সত্য নয়। ময়েজ উদ্দীন ২৭০ দাগে ১০০ শতক, ২৮৬ দাগে ৪২ শতক কাতে ২৬ শতক, ২৮৭ দাগে ১৪ শতক, ৩৭৬ দাগে ১৬ শতক, একুনে ১৫৬ শতক সম্পত্তিতে স্বত্ববান ও দখলীকার থাকাবস্থায় তার নামে ৩৩০ নম্বর এম.আর.আর রেকর্ড সঠিক ভাবে হয় একথা সত্য নয়। জবাব মতে শফিরন নেছা মারা গেলে উক্ত বিষয়ে তার বাবা তাহের উদ্দীন জানতেন এবং তিনি একথা সত্য নহে।

(অসমাপ্ত ১০/০২/১৩ ইং)

পুনঃ জবানবন্দী তাং- ০২/০৫/১৩ ইং

কাগজপত্র

বাদীপক্ষে অত্র মোকদ্দমা প্রমানে ফিরিস্তি যোগে দাখিলী কাগজাদি প্রদর্শনী-১ হিসেবে চিহ্নিত হলো। (অসমাপ্ত ০২/০৫/১৩ ইং) পুনঃ জবানবন্দী তাং- ১৫/০৫/১৩ ইং

বাদীপক্ষে মোকদ্দমা প্রমানে দাখিলী সি/এস খতিয়ান ২৫২ এর জাবেদা নকল এর মুলকপি প্রদর্শনী-১(ক), সি/এস খতিয়ান ২৫৩ নং এর জাবেদা নকলের মুলকপি প্রদর্শনী-১(খ), সি/এস খতিয়ান ২৫৪ নং এর জাবেদা নকলের মুলকপি প্রদর্শনী-১(গ), এম.আর.আর খতিয়ান ৩২ নং এর জাবেদা নকলের মুলকপি প্রদর্শনী-১(ঘ), এম.আর.আর খতিয়ান ৩২৯ নং এর জাবেদা নকলের মুলকপি প্রদর্শনী-১(ঙ), এম.আর.আর খতিয়ান ৩৩১ নং এর জাবেদা নকলের মুলকপি প্রদর্শনী-১ (চ), এম.আর.আর খতিয়ান ৩২৬ নং এর জাবেদা নকলের মুলকপি প্রদর্শনী-১(ছ), হিসেবে চিহ্নিত হলো বাদীপক্ষে ফিরিস্তযোগে দাখিলী ০৩/০৭/৭৮ ইং তারিখের ৬৯১৯ নং কবলা দলিলের মুলকপি প্রদর্শনী-২ হিসেবে চিহ্নিত হলো।

জেরাঃ (১-৪ এবং ২২ নং বিবাদীগণের)

অত্র মোকদ্দমা বাদী আমার মা। - অত্র মোকদ্দমা সম্পর্কে আমি ভালো বলতে পারব। নালিশী সম্পত্তি নিয়ে শংকর মাঝি দিং আমাদের সহ অন্যান্য বিবাদীদের বিরুদ্ধে আদালতে ১১/০৯ (বন্টন) মামলা করেছে। শংকর দিং নালিশী জোতে দাবী করে মামলা করে কি না তা বলতে পারব না। -উক্ত মোকদ্দমায় আমার ভাই ২ নং বিবাদী মোঃ মাহফুজার রহমান এবং আমি ১ নং বিবাদী হিসেবে গত ৩০/০৮/০৯ ইং তারিখে জবাব দাখিল করেছি। অত্র মোকদ্দমার পূর্বে উক্ত ১১/০৯ (বন্টন) মোকদ্দমা দায়ের হয়েছে। উক্ত ১১-০৯ (বন্টন) মোকদ্দমার বাদীপক্ষ শংকর মাঝি দিগকে অত্র মোকদ্দমার পক্ষগণ করিনি।

-আমার বয়স ৫০ বছর।

-আমার জ্ঞানবুদ্ধি রয়েছে ১৮ বছর বয়সে।

-আমার জ্ঞান বুদ্ধি জমিজমা সংক্রান্তে যে সকল ঘটনা ঘটেছে তা বলতে পারব না। (অসমাপ্ত ১৫/০৫/১৩ ইং)।

পুন জেরা তাং- ৩০/১০/১৭ ইং

এম.আর.আর খতিয়ানের জাবেদা নকল ০৮/০২/২০০৯ ইং তারিখ। আমার নানা ও নানি তাদের জীবিত থাকাবস্থায় এম.আর.আর খতিয়ানের বিরুদ্ধে কোন মামলা করেছে কি না আমি জানি না। সত্য নহে যে, আমার নানী চেক মুলে ১৩৫০ সালে ১৮ই মাঘ নালিশী জমি পত্তন দেয়। ০৩/০৭/১৯৭৮ তারিখে আমার নানী আমাদেরকে ২৭০ দাগের ২৩৩ শতকের কাত ১৩৩ শতক জমি আমাদের ৬৯১৯ নং দলিলের মাধ্যমে হস্তান্তর করে। ২৩৩ এর কাত ১৩৩ শতক আমার নামে ও বাকী এক একর বিবাদীদের মৌরশের নামে। সত্য নয় যে আমার নানা নানী ও

*সকলেই দলিল গুলি বিষয়ে জানি। ০৩/০৭/১৯৭৮ তারিখে দলিলে নানা সনাক্তকারী স্বাক্ষী হিসাবে সহি করে। সত্য নয় যে ময়েজ উদ্দীন ও তার ছেলে মেয়েরা নালিশী জমি দখল করে। ১৯৯৪ সালে বিবাদীদের নামে আরর.এস খতিয়ান হলে তার বিরুদ্ধে মামলা করি। ২৯/৯৪ নং আপত্তি কেস। ১৮/০৯/১৯৯৬ তারিখে রায় হয়। আর.এস খতিয়ান দাখিল করেছি কি না মনে নাই। সত্য নয় যে খতিয়ানের জমিতে আমাদের কোন দখল নাই। ( সমাপ্ত ১২/০২/১৮)*

## ***P.W- 2 আনোয়ার***

*আমি বাদী ও সে মারা গেলে তার ছেলে মেয়েদেরকে চিনি। তারা বাদী। বিবাদী ময়েজ উদ্দীনের ওয়ারিশদেরকে চিনি। নালিশী জমি চিনি। বাদী ও ৫৫-৫৬ নং বিবাদী নালিশী জমি দখল করে। ১-৪/২২ নং বিবাদী নালিশী জমি দখল করে না। এখনও করে না। নালিশী সম্পত্তির আশে পাশে আমার বাড়ী তাই চিনি।*

*জেরাঃ*

*বিবাদী ৫৬ জন। তাদের সকলের নাম ঠিকানা বলতে পারব না। নালিশী সম্পত্তির সি. এস খতিয়ান, এম.আর.আর খতিয়ান এবং আর.এস. খতিয়ান বলতে পারব না। দাগ নং বলতে পারব। সত্য নয় যে, নালিশী জমি চেনার কথাটা ঠিক নয়। নালিশী জমির লাগানো কোন জমি নাই আমার। নালিশী জমির সব দাগ ও চৌহদ্দি বলতে পারব। চৌহদ্দির দাগ নং বলতে পারব না। সত্য নয় যে, নালিশী সম্পত্তিতে কবরস্থান আছে। সত্য নয় যে, বাদীরা নালিশী জমি দখল করে না। ( সমাপ্ত ২৮/০২/১৮ ইং)*

## ***P.W-3 আব্দুল ওয়াহাব***

*নালিশী জমি চিনি। বাদীদেরকে চিনি। বিবাদী ৫৫/৫৬ নং কে চিনি। রাহেলা ও মাহজুফকে চিনি। বিবাদী ময়েজের ওয়ারিশদেরকে চিনি। বাদী নালিশী জমি দখল করে। ৫৫/৫৬ নং বিবাদীও নালিশী জমি দখল করে। ১-৪/২২ বিবাদী নালিশী জমি দখল করে না।*

*জেরাঃ*

*নালিশী জমি থেকে বাড়ি পার্শ্বেই। নালিশী জমি ও খতিয়ান নং বলতে পারব না। দাগ নং বলতে পারব। ২৯৮ নং দাগের হাল দাগ বলতে পারব না। নালিশী সম্পত্তির লাগা কোন জমি নাই। আমার বাবার সম্পত্তির দাগ নং- ৩৩০ । কি রকমের দাগ জানি না। নালিশী দাগের চৌহদ্দির দাগ বলতে পারব না। মোট বিবাদী ৫৬ জন। তাদের সকলের নাম বলতে পারব না। ২১ নং বিবাদীর নাম শাহজাহান। সত্য নয় যে, মামলার বিবাদী কিংবা নালিশী জমির চিনি না। সত্য নয় যে, বাদী ও ৫৫/৫৬ নং বিবাদী নালিশী জমি দখল করে না। (সমাপ্ত ২৮/০২/১৮)*

## ***D.W- 1 আব্দুল মতিন***

*আমি মামলার ১ নং বিবাদী অন্যান্য সকল বিবাদী পক্ষে জবানবন্দী দিচ্ছি। নালিশী জমির সি.এস খতিয়ান ২৫২। এস.এ খতিয়ান ৩৩০। আর.এস খতিয়ান ২টা ৫৪৫ ও ৫২২ । আমার বাবা ময়েজ উদ্দীন পত্তন মুলে ছফিরন নেছা চৌধুরানীর নিকট থেকে পান ২২৩ শতক জমি। ১৩৫০ সালে ২৮ মাঘ। চেক মুলে হুকুম নামাও ছিল। আমার পিতা উক্ত জমি ভোগ দখলে ছিল। আমার পিতা ২২৩ শতক মধ্যে ২৭০ দাগে ১৬৭ মধ্যে ৬৭ শতক বাদ দেয়। থাকে এক একর। ৫৬ শতক যা আমারদ নামে ৩৩০ নং এস.এ রেকর্ড হয়। এই বিষয়গুলো ছফিরন নেছা চৌধুরী ও তার স্বামী সকলেই জানিত। আমার বাবা মারা গেলে থাকি ৪ ভাই ৫ বোন। ঘরোয়া আপোষে আমরা বিবাদীগণ নালিশী জমি ভোগ দখল করছি। আমাদের নামে আর.এস ৫৪৫ রেকর্ড হয় ১৪০ শতক জমি বাবদে। খতিয়ান নং ৫২২ । ৪ ভাই ১ বোন ১৫৬ শতক জমি দখল ভোগ করে আছি। আমাদেরও বাড়ীতে ডাকাতি হলে কাগজ পত্র কিছু নষ্ট হয়। হুমুক নামাটা নাই। চেক মুলে পত্তনটা আছে। ফেরদৌস ও সহিদা বিবি ০৫ শতক নালিশী জমি বিক্রয় করে ৭৫০৪ নং দলিল মাধ্যমে। সম্পত্তির উপর গাছপালা লাগায়। মামলা চলাকালে ৫৬ নং দলিল অন্যায় ভাবে সৃষ্টি হয়। ১৯৯৪ সালের ২৯ নং আপত্তি কেস করে বাদীনির ওয়ারিশরা নকশা মোতাবেক রায় হয়। বাদীর ওয়ারিশরা করেছে। নালিশী জমিতে আমাদের বাড়ী ও অন্য কারও দখল ভোগ নাই। আমরা নালিশী জমিতে ৭০ বছরের অধিক সময় ধরে দখল করছি। ছফিরন নেছা নামীয় হুকুম নামার ৩ টা কপি প্রদর্শনী-১। সরকারী খাজনার দাখিলা ৪টা প্রদর্শনী-বি। ছফিনর নেছা দত্তা খাজনার দাখিলা ৩টা প্রদর্শন-সি। সি.এস খতিয়ান ২৫২, ২৫৩ এর কপি প্রদর্শনী-ডি। এম.আর.আর খতিয়ান ১টা এর কপি প্রদর্শনী-এফ। আর.এস খতিয়ান ৫২২ ও ৫৪৫ এর কপি প্রদর্শন-জি। ৪/৪/৩৫ তারিখের ৯৩১ দলিল প্রদর্শনী-এইচ। ৩০ ধারা রায়ের কপি ২৯/০৮/৯৬ তারিখের প্রদর্শনী-আই। সত্য নয় যে, বাদী পক্ষ নালিশী জমি দখল করে। সত্য নয় যে, আমার পিতা কেয়ারটেকার হিসাবে দায়িত্ব পালন করার সময় গোপনে জমি রেকর্ড করে নেয়। সত্য নয় যে, ০৮/০২/০৯ তারিখের বাদীরা বন্টন করে চাইলে আমি দিতে অস্বীকার করি। সত্য নয় যে, আমাদের দখলী জমি তারা কিছু বিক্রি করেছে।*

***জেরাঃ***

*১৩৫০ সালের পত্তন মুলে দাবী করি। ১৩৫০ সালের পত্তনী কাগজ ও পরবর্তী কালের জোতদার বরাবর খাজনা পরিশোধের দাখিলা দাখিল করেছি। পত্তনের সময় মালিক ছিল ছফিরন নেছা। পত্তনী কাগজ ও তৎকালীন দাখিলায় সফিরন স্বাক্ষর নাই। আমার খাজনার দাখিলা যা জমিদার বরাবর দেয়া হয় তাতে ৬৯ শতক লেখা আছে। সেটেলমেন্ট খতিয়ান নং ৫২৫৩ উল্লেখ আছে। ১৬৭ শতক জমি পত্তন দেয়া হলো লেখা আছে। তাহের উদ্দীন চৌধুরী উহা পত্তন দেয় লেখা*

আছে। তিনটা দাখিলায় তিন রকমের স্বাক্ষর আছে। প্রথম দাখিলায় খাজনার পরিমাণ সাড়ে ৪ টাকা। ২য় দাখিলায় লেখা ১ টা বার আনা ৫ গন্ডা। পত্তনী কাগজ ছাড়া মালিকানার অন্য কোন কাগজ আমার কাছে নাই। দাখিলা পত্তনী কাগজ ছাড়া অন্য কোন কাগজ মুলে নালিশী জমির মালিকানার দাবী করি না। সত্য নয় যে, সফিরন নেছা আমাকে কোন পত্তনী দেয় নাই। সত্য নয় যে, জমিদার বরাবর ৬৭ শতক জমি ফেরত দেই মিথ্যা বলেছি। সত্য নয় যে, ১৫৬ শতক জমি আমার দখল করি না। সত্য নয় যে আমার বাবা সফিরন নেছার কেয়ারটেকার ছিল সেই সুবাদে তার নামে এম.আর.আর খতিয়ান করে নিয়েছে ডাকাতির কথা বলেছি, কিন্তু এজাহার দায়ের কেস জাবেদা বা মালামাল উদ্ধার .... বিষয়ে কোন কাগজ দাখিল করি নাই। সত্য নয় যে, লুট হওয়ার কথা মিথ্যা। সত্য নয় য়ে, বাদীদের সাথে জরীপের মামলা হয়েছে। কথাটি মিথ্যা। সত্য নয় যে, আমরা ঐ রকম মামলার কাগজ সৃষ্টি করেছি। সত্য নয় যে, কি সফিরন নেছা দখলে ছিল। সত্য নয় যে, সফিরন নেছা তার কন্যা রাহেলা ও তার স্বামী সাকুল্য সম্পত্তির মালিক হন। সত্য নয় যে, তাহের উদ্দীন মারা গেলে রাহেলা মালিক হন। সত্য নয় যে, রাহেলা ছেলে ০২/০২/০৯ ইং তারিখে জোনাল অফিসে ও ০৮/০২/০৯ তারিখে জাবেদা তুলে ভুল খতিয়ান বিষয়ে জানতে পারে। সত্য নয় যে, রাহেলা ২০ শতক জমি ৫৬ নং বিবাদী মাহফুজ বরাবর দান করে। সত্য নয় যে, ১০/০২/০৯ তারিখে সর্বপ্রথম মালিকের নিকট ভুল খতিয়ান মুলে সম্পত্তি দাবী করি। সত্য নয় যে, মুল বাদী রাহেলা মারা গেলে তার ওয়ারিশগণ বর্তমান বাদীগণ অংশ মোতাবেক দখল করেন নালিশী জমি। সত্য নয় যে, মিথ্যা স্বাক্ষী দিলাম। ( সমাপ্ত ১৩/০২/১৮)

***D.W- 2 তোফাজ্জল হোসেন***

আমি মামলার বিবাদী ময়েজ উদ্দীনের ওয়ারিশদেরকে চিনি। নালিশী জমি চিনি। সফিরন নেছা আমার চাচী। সফিরন নেছার যাবতীয় সম্পত্তির কার্যকারক ছিল তার স্বামী ডাঃ তাহের উদ্দীন। ময়েজ উদ্দীন পত্তন মুলে নালিশী জমি প্রাপ্ত হয়ে দখল করে। ময়েজ উদ্দীন অভাবে তার ওয়ারিশগণ নালিশী জমি দখল করেন। নালিশী জমিতে পুকুর ও কবরস্থান আছে।

জেরাঃ

মোট কয় দাগের জমি নিয়ে মামলা, বলতে পারব না? সবচেয়ে বড় দাগের নম্বর বলতে পারব না। সব চেয়ে ছোট দাগের নম্বর বলতে পারব না। বড় দাগ, ছোট দাগ কোন দিকে কোন দিকে লম্বা বলতে পারব না। বড় দাগের ও ছোট দাগের এবং অন্যান্য দাগের চৌহদ্দির পরিমান বলতে পারব না। নালিশী জমির আইল, খুটি, দাগ ও কোন খুটু কে দখল করে বলতে পারব না। ছোট দাগ থেকে বড় দাগের মাঝখানে কে দখল করে বলতে পারব না। ডাঃ তাহের উদ্দীন চৌধুরী, কুড়ানু মিয়া চৌধুরী ভাতিজা। সত্য নয় যে, তিনি অন্য লোক দিয়ে জমিগুলো দেখাশুনা করিতেন।

*পত্তনের দিন তারিখ সাল স্বাক্ষী বিষয়ে বলতে পারব না। পতৃত্নী টাকার পরিমাণ ও জমির পরিমাণ বলতে পারব না। সত্য নয় যে, বাদী ও বিবাদী নালিশী জমি চিনি না। ( সমাপ্ত ২৮/০২/১৮)*

***D.W- 3 আঃ মজিদ আকন্দ***

*বিবাদী ময়েজ উদ্দীন ছেলেদেরকে চিনি। নালিশী জমি আমার পার্শ্বে। তাই চিনি। ওখান থেকে একশ ফুট পশ্চিমে আমার বাড়ী। বিবাদীরাই নালিশী জমি দখল করে ৫০-৬০  বছর ধরে। তাতে কবরস্থান আছে পূর্ব-উত্তর কোণে।*

*জেরাঃ*

*নালিশী দাগের তৃতীয় বৃহত্তম দাগ নম্বর বলতে পারব না। ছোট দাগের বড় দাগ নম্বর বলতে পারব না।    তবে এই দাগে (অস্পষ্ট) ২৬ শতক জমি আছে। সবচেয়ে বড় দাগের খুটু ৯টা। সবচেয়ে বড় খুটুর পরিমাণ বলতে পারব না। কোন খুটুতে কতটুকু জমি আছে বলতে পারব না। বড় দাগের  সকল খুটুই ১-৪ নং বিবাদী দখল করে। সবচেয়ে ছোট খুটু আমিও আছি। আমার চার ভাই ও পায়। আমি এই মামলার  বিবাদী নাই।  আমি ২৯ নং বিবাদী। কোন জবাব দিই নাই।  ২৬ শতকের দাগটা বিবাদলা দখল করে। চৌহদ্দির দাগ বলতে পারব না। তবে  দখল কারকের নাম বলতে পারব। ২৮৬ দাগের জমির পরিমাণ বলতে পারব না। দখল করে বিবাদীরা ১-৪ নং। খুটু বলতে পারব না। ৩৭৩ দাগের পরিমাণ পরিমাণ দখল কারকের কথা বলতে পারব না। ২৯৬ দাগের জমির পরিমাণ, খুটু বলতে পারব না। সত্য নয় যে, নালিশী  জমি চিনি না। সত্য নয় যে, বাদীগন ও ৫৫/৫৬ নং বিবাদী নালিশী জমি দখল করে।*

**জয়পুরহাট জেলার পাঁচবিবি থানার পূর্ব কৃষ্ণপুর মৌজার নালিশী সাবেক ২৫৩ ও ২৫৪ খতিয়ানে ৩৩৬ শতক সম্পত্তি সাবেক রাজমোহন মাঝি স্বত্ববান ও মালিক দখলদার ছিলেন। তৎপরবর্তীতে তার দুই পুত্র শ্রী লাল বিহারী মাঝি ও বুদা মাঝি ওয়ারিশ হন এটি উভয় পক্ষ কর্তৃক স্বীকৃত। উভয়পক্ষ কর্তৃক এটিও স্বীকৃত যে,  উক্ত সম্পত্তি লাল বিহারী মাঝি এবং বুদা মাঝি স্বত্ববান দখলকার থাকাবস্থায় সাকুল্য তফসিল সম্পত্তি বিগত ইংরেজী ০৪.০৪.১৯৩৫ তারিখে ৯৩১নং রেজিষ্ট্রিকৃত কবলা দলিলমুলে বাদিনীর মাতা সফিরন নেছার নিকট বিক্রয় করেন।**

**বিগত ইংরেজী ০৪.০৪.১৯৩৫ সালের রেজিষ্ট্রি কবলা দলিল পর্যালোচনায় এটি প্রতীয়মান যে, এটি একটি সই মুহুরী নকল। মুল দলিল উপস্থাপন করা হয়নি। ১৯৩৫ সালের এই মুল দলিলটি কেন উপস্থাপন করা হয়নি বাদীপক্ষে কিংবা প্রতিবাদীপক্ষে কোন বক্তব্য উপস্থাপন করেননি। এছাড়াও ১৯৩৫ সালের দলিল প্রাপ্তি হওয়ার পরবর্তীতে**

**বাদীপক্ষ কোন খাজনা দাখিলা কাগজ উপস্থাপন করেননি। দখল সম্বন্ধে বাদী বলেছেন বর্গদারের মাধ্যমে দখল প্রাপ্ত হন। কিন্তু বর্গাদারের মাধ্যমে দখল প্রমান করতে পারেনি। সার্বিক পর্যালোচনায় এটি স্পষ্ট প্রতিয়মান যে, বাদীপক্ষ একটি দলিল সৃজন করতঃ অত্র মোকদ্দমাটি দাখিল করেছে। একইভাবে ১ এবং ৩নং প্রতিবাদীপক্ষ সেই সৃজনকৃত দলিলের উপর ভিত্তি করে তাদের দাবী প্রমান করতে চায়। বাদী এবং বিবাদী উভয়ে পরিকল্পিতভাবে অত্র মোকদ্দমায় তফসিল  সরকারী তথা জনগনের সম্পত্তি আত্মসাতের হীন মানষে অত্র মোকদ্দমা দায়ের করেছেন।**

অতএব, আদেশ হয় যে, অত্র রুলটি বিনা খরচায় নিস্পত্তি করা হলো।

বিজ্ঞ জেলা জজ, জয়পুরহাট কর্তৃক বন্টন আপীল মোকদ্দমা নং ২৮/২০১৮-এ প্রদত্ত বিগত ইংরেজী ২৬.১১.২০১৮ তারিখের রায় ও ডিক্রী (ডিক্রী স্বাক্ষরের তারিখ ২৯.১১.২০১৮) এতদ্বারা বাতিল করা হলো।

বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, পাঁচবিবি, জয়পুরহাট কর্তৃক বন্টন মোকদ্দমা নং ৪০/২০০৯-এ প্রদত্ত বিগত ইংরেজী ২৯.০৩.২০১৮ তারিখের রায় ও ডিক্রী (ডিক্রী স্বাক্ষরের তারিখ ০৪.০৪.২০১৮) এতদ্বারা বহাল রাখা হলো।

অত্র রায়ের অনুলিপিসহ অধ:স্তন আদালতের নথি সংশ্লিষ্ট আদালতে দ্রুত প্রেরণ করা হউক।